



ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফআইডি সার্কুলার লেটার নং : ০৩

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৬  
০২ ফাল্গুন ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জন্য ব্যাংকিং সেবা প্রদান।

পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের ব্যাংকিং সেবার আওতায় আনার উদ্দেশ্যে তাদের জন্য এনজিও'র মাধ্যমে ব্যাংক হিসাব খোলার বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ মার্চ ০৯, ২০১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জন্য দ্রুত ও সহজে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সুবিধার্থে উক্ত সার্কুলারের ৩ নম্বর ক্রমিকে বর্ণিত হিসাব পরিচালনা সংক্রান্ত বিষয়টি পরিবর্তনপূর্বক নিম্নের নির্দেশনাসমূহ জারী করা হলো :

- ১) পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের পিতামাতা (Biological Parents) থাকলে, সেক্ষেত্রে পিতা ও মাতার মধ্যে যে কোন একজন এবং পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরের যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালনা করতে পারবে। উল্লিখিত সার্কুলারের ২ নম্বর ক্রমিকে বর্ণিত পদ্ধতি অনুযায়ী সংশ্লিষ্ট এনজিও এর মনোনীত প্রতিনিধি সমগ্র বিষয়টি তত্ত্বাবধান করবেন।
- ২) কোন এনজিও সার্বিকভাবে বা কোন একটি নির্দিষ্ট এলাকায় কার্যক্রম বন্ধ করে দিলে/ প্রজেক্ট এর মেয়াদ শেষ হয়ে গেলে অথবা অন্য কোন কারণে হিসাব পরিচালনা করতে সক্ষম না হলে, পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের নামে খোলা হিসাব তাদের ইচ্ছানুযায়ী তাদের পিতামাতা (Biological Parents)/অভিভাবক ও পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা যাবে। ব্যাংক এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পাদন করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও এর আর কোনরূপ দায়বদ্ধতা থাকবে না। পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের পিতামাতা (Biological Parents)/অভিভাবক না থাকলে হিসাব বন্ধ করে হিসাবের সম্পূর্ণ স্থিতি হিসাবধারী শিশু/কিশোরকে ফেরত প্রদান করতে হবে।
- ৩) ২ নম্বর ক্রমিকে বর্ণিত কোন কারণে পথশিশু/কর্মজীবী শিশু-কিশোরদের নামে খোলা হিসাবের সিগনেটরি পরিবর্তন/হিসাব বন্ধ করার উদ্দেশ্যে প্রয়োজনে ব্যাংক এনজিও এর সহায়তা গ্রহণ করবে।
- ৪) পথশিশু/ কর্মজীবী শিশু-কিশোরদের হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক ও এনজিও একটি যৌথভাবে স্বাক্ষরিত প্রত্যয়নপত্র সংরক্ষণ করবে। ব্যাংক কর্তৃক এরূপ বন্ধ করে দেয়া হিসাবসমূহের বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে (সংযোজনী-ক) বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট এ দাখিল করতে হবে।

এতদসংক্রান্ত উপরোল্লিখিত সার্কুলারের অপরাপর নির্দেশনাগুলো অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(নূরুন নাহার)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০৩৪৩

সংযোজনী-ক

পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের বন্ধ হওয়া হিসাবের ত্রৈমাসিক প্রতিবেদন

ব্যাকের নাম:

ক্রম	এনজিও এর নাম	বন্ধ করে দেয়া হিসাব সংখ্যা	হিসাব বন্ধের কারণ